

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
জাতীয় ক্রীড়া পরিষদ  
ক্রীড়া অনুবিভাগ  
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০  
www.nsc.gov.bd

তারিখঃ ১৮ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ

স্মারক নং ৩৪.০৩.০০০০.০০০৪.০৬.১২৪.২৩/ ৩৪১৪

বিষয়ঃ অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি বাস্তবায়ন।

উপরোক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রতি বছর দেশের তৃণমূল পর্যায় থেকে প্রতিভাবান খেলোয়ার(বালক-বালিকা) বাছাই করার জন্য অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি গ্রহণ করে থাকে। এ বছরও হ্যান্ডবল, ভলিবল, বাস্কেটবল, কাবাডি, ভারোত্তোলন, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, দাবা, বক্সিং, ক্রিকেট এ ১১টি ইভেন্টে ইভেন্টভিত্তিক দেশের সেরা প্রতিভাবান খেলোয়ার বাছাই করা হবে। প্রার্থীদের বয়স ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ১৬ হতে হবে।

০২। সভাপতি উপজেলা ক্রীড়া সংস্থা ও উপজেলা নির্বাহী অফিসারগণ তাঁর উপজেলার সকল ইউনিয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার করে বর্নিত ১১টি ইভেন্টের প্রতিটি ইভেন্টে ১জন করে শ্রেষ্ঠ উপজেলা প্রতিভাবান খেলোয়ার বাছাই করে তালিকা জেলা প্রশাসক বরাবর নির্ধারিত ছকে প্রেরণ করবে। সভাপতি জেলা ক্রীড়া সংস্থা ও জেলা প্রশাসকগণ তার জেলার সকল উপজেলা থেকে প্রাপ্ত তালিকা থেকে ইভেন্টভিত্তিক ১জন করে শ্রেষ্ঠ জেলা প্রতিভাবান খেলোয়ার বাছাই করে তার তালিকা জাতীয় পর্যায়ে বাছাইয়ের জন্য নির্ধারিত ছকে জাতীয় ক্রীড়া পরিষদ বরাবর ই-মেইলে প্রেরণ করবে। জাতীয় ক্রীড়া পরিষদ দেশের ৬৪টি জেলা থেকে প্রাপ্ত তালিকা থেকে ১১টি ইভেন্টে মোট ১৬৪ জনকে বাছাই করবে।

০৩। জেলা প্রশাসকগণ কর্তৃক প্রেরিত জাতীয় পর্যায়ে ঢাকায় বাছাইয়ে অংশগ্রহণকারীগণ সকলেই ভ্রমনভাতা ও ১ দিনের ডিএ প্রাপ্ত হবেন। জাতীয় পর্যায়ে ১১টি ইভেন্টে বাছাইকৃত ১৬৪ জনকে জাতীয় ক্রীড়া পরিষদের তত্ত্বাবধানে ২১ দিন বিনামূল্যে থাকা, খাওয়া, কিট এল্যাউন্স, পকেটভাতা, ভ্রমনভাতা, খেলাধুলার সামগ্রী ও পোষাকভাতা প্রদান করা হবে। জাতীয় পর্যায়ে ২১ দিনের প্রশিক্ষণে প্রতি ইভেন্টের মেধাতালিকার শীর্ষে অবস্থানকারী ৩ জন করে ১১টি ইভেন্টে মোট ৩৩ জন খেলোয়ারকে ক্রেস্ট ও সম্মানী প্রদান করা হবে এবং তাদেরকে বিভিন্ন ফেডারেশনে দীর্ঘমেয়াদী উন্নত প্রশিক্ষণের জন্য সুপারিশ করা হবে।


০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ ২০ জানুয়ারী, জেলা প্রশাসকগণ ২৫ জানুয়ারী এবং জাতীয় পর্যায়ে ০১লা ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ তারিখে বাছাইকার্যক্রম সম্পন্ন করতে হবে। ২রা ফেব্রুয়ারী থেকে ২২শে ফেব্রুয়ারী পর্যন্ত জাতীয় পর্যায়ে ঢাকায় ২১ দিন প্রশিক্ষণ চলবে।

০৫। জেলা প্রশাসকগণ বাছাইকৃত তালিকার সফট কপি(ওয়ার্ড ফাইল) নিম্নবর্নিত ই-মেইলে ৩০ শে জানুয়ারী ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করবে। জেলা প্রশাসকগণ কর্তৃক বাছাইকৃতদের জাতীয় পর্যায়ে বাছাইয়ের জন্য ০১ লা ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ তারিখে সকাল ০৯:০০টায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের শেখ রাসেল রোলার স্কেটিং কমপ্লেক্স, গুলিস্তান, ঢাকায় উপস্থিত হতে হবে এবং জন্মনিবন্ধনের কপি আনতে হবে।

০৬। জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক এ অর্থবছরে জেলা ও উপজেলা ক্রীড়া সংস্থার অনুকূলে যে বরাদ্দ প্রদান করা হয়েছে তা থেকে বাছাই কার্যক্রম গ্রহণের যাবতীয় খরচ নির্বাহ করতে হবে।

০৭। এমতাবস্থায়, দেশব্যাপী অনূর্ধ্ব ১৬ ক্রীড়া প্রতিভা অন্বেষণ কর্মসূচি যথাসময়ে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ রিপোর্ট প্রেরণের ছক



এস এম শাহ্ হাবিবুর রহমান হাকিম  
পরিচালক (যুগ্মসচিব)

ই-মেইলঃ hakimzoh@gmail.com

ফোনঃ ০২৪১০৫০৫৪৯, ০১৭১২৩৯৭৯৬১

বিতরণঃ

- ১। সভাপতি, জেলা ক্রীড়া সংস্থা \_\_\_\_\_ ও জেলা প্রশাসক \_\_\_\_\_ (সকল)।
  - ২। সভাপতি, উপজেলা ক্রীড়া সংস্থা \_\_\_\_\_ ও উপজেলা নির্বাহী অফিসার \_\_\_\_\_ (সকল)।
  - ৩। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা----- (সকল)।
  - ৪। সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা----- (সকল)।
- অনুলিপি সদয় অবগতির জন্যঃ
- ১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
  - ২। কমিশনার, -----বিভাগ,----- (সকল)।
  - ৩। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
  - ৪। চেয়ারম্যানের একান্ত সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ৫। সম্পাদক, -----ফেডারেশন/এসোসিয়েশন-(সকল)।
  - ৬। সহকারী প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা-কে পত্রটি পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।